

## কতজন প্রাথমিক চিকিৎসা প্রদানকারী আমার প্রয়োজন?

### (How many first aiders do I require?)

এ সংক্রান্ত বিধিমালা হলে The Health and Safety (First Aid) Regulations 1981. বিধিমালার এই নির্দেশিকায় ‘প্রাথমিক চিকিৎসা দানকারী’ ও ‘নিযুক্ত ব্যক্তি’-র মধ্যে পার্থক্য করা হয়েছে।

যে কোনো কোম্পানীতে, প্রাথমিক চিকিৎসাদানকারীদের সংখ্যা ও ধরণ একটি পরিমাপের ভিত্তিতে হবে। চাহিদা নিরূপনের সময়, নিয়োগকর্তাকে বিবেচনা করতে হবেঃ

- কর্মস্থলের বিপদ ও ঝুঁকিসমূহ;
- সংগঠনের আকার;
- সংগঠনের দুর্ঘটনার ইতিহাস;
- কর্মীবাহিনীর প্রকৃতি ও বিন্যাস;
- জরুরী মেডিকেল সার্ভিসমূহ থেকে কর্মস্থানের দূরত্ব;
- ভ্রমণের প্রয়োজন, দূরবর্তী ও একাকী কর্মচারীবৃন্দ;
- কর্মচারীরা শরিকানা বা বহু জনের দখলযুক্ত স্থানে কাজ করে;
- প্রাথমিক চিকিৎসা দানকারী ও নিযুক্ত ব্যক্তিদের বার্ষিক ছুটি ও অন্যান্য অনুপস্থিতি।

বিধিমালায় যেখানে লোকবলের সুনির্দিষ্ট সংখ্যা দেয়া নেই, সেক্ষেত্রে নির্দেশিকায় অবশ্য প্রাথমিক চিকিৎসা দানকারীদের সুপারিশযোগ্য সংখ্যা দেয়া হয়েছেঃ

ঝুঁকির ধরণ	কোনো একটি স্থানে কর্মচারীর সংখ্যা	প্রাথমিক চিকিৎসাদানকারীদের প্রস্তাবিত সংখ্যা
কম ঝুঁকি, যেমন দোকান, অফিস, লাইব্রেরী	৫০ এর কম	অন্ততঃ একজন নিযুক্ত ব্যক্তি
-	৫০ - ১০০	অন্ততঃ একজন প্রাথমিক চিকিৎসা দানকারী
-	১০০ এর বেশী	প্রতি ১০০ জন নিযুক্ত ব্যক্তির জন্য একজন অতিরিক্ত প্রাথমিক চিকিৎসা দানকারী
মধ্যমমাত্রার ঝুঁকি, যেমন, হালকা ইঞ্জিনিয়ারিং ও সংযোজন কাজ, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, ওয়্যার হাউস ব্যবসা	২০ এর কম	অন্ততঃ একজন নিযুক্ত ব্যক্তি
-	২০-১০০	প্রতি ৫০জন নিযুক্ত ব্যক্তির জন্য অন্ততঃ একজন প্রাথমিক চিকিৎসা দানকারী (বা এর একাংশ)
-	১০০ এর বেশী	প্রতি ১০০ নিযুক্ত ব্যক্তির জন্য একজন অতিরিক্ত প্রাথমিক চিকিৎসা দানকারী

উচ্চমাত্রার ঝুঁকি, যেমন, নির্মাণ কাজ, কসাইখানা, রাসায়নিক উৎপাদন, বিপজ্জনক মেশিনারী বা ধারালো যন্ত্রপাতি নিয়ে বিস্তারিত কাজ	৫ এর কম	অন্ততঃ একজন নিযুক্ত ব্যক্তি
-	৫-৫০	অন্ততঃ একজন প্রাথমিক চিকিৎসা দানকারী
-	৫০ এর বেশী	প্রতি ৫০ জন নিযুক্ত ব্যক্তির জন্য একজন অতিরিক্ত প্রাথমিক চিকিৎসা দানকারী

উপরের বিস্তারিত হিসাব শুধুমাত্র পরামর্শ- এগুলো নিশ্চিত ধরণের বা আইনগত বাধ্যবাধকতামূলক নয়। এটি আপনার জন্য আপনার বিশেষ অবস্থার আলোকে প্রাথমিক চিকিৎসা চাহিদা নিরূপণের জন্য প্রদত্ত।

#### প্রাসংগিক প্রকাশনা সমূহ

- L74, First aid at work, (ISBN 0717610500 - HSE Books-এ পাবেন)
- First aid at work - ফ্রি তথ্যপত্র।